

**সংবাদ বিজ্ঞপ্তি****নোবিপ্রবিতে জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) কর্মকর্তাদের অংশগ্রহণে জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার (১০ জুন ২০২৪) বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলে (আইকিউএসি) আয়োজিত প্রশিক্ষণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নোবিপ্রবি মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. ফিরোজ আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী, মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর ও রেজিস্ট্রার জনাব মোহাম্মদ জসীম উদ্দিন। এতে রিসোর্স পার্সন ছিলেন অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর, অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম হোসেন, অধ্যাপক ড. ফিরোজ আহমেদ, রেজিস্ট্রার জনাব মোহাম্মদ জসীম উদ্দিন এবং ইউজিসির এপিএ'র এসপি কিউএ এন্ড ফোকাল পয়েন্ট অতিরিক্ত পরিচালক জনাব বিষু মল্লিক।

অনুষ্ঠানে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, প্রায়শই আমাদের দৃষ্টিগোচর হয় যে এখানে আমাদের কাজের চেয়ে কাজ ম্যানেজ করার মানসিকতা রয়েছে। কর্মস্থলে আমাদের এ ধরনের স্বভাব অনেক পুরাতন, কিন্তু এটা শুদ্ধাচার নয়। সময়ানুবর্তিতা ও সততা কর্মক্ষেত্রে যেমন প্রয়োজনীয় ঠিক ততটা প্রয়োজন জীবনের প্রতিটি ধাপে। এসময় তিনি আরো বলেন, আমার প্রত্যাশা আপনারা যারা আজ প্রশিক্ষণে অংশ নিয়েছেন আপনারা সকলে অহংকার আর বিদ্রোহের উর্দে উঠে নোবিপ্রবিকে এগিয়ে নেয়ার জন্য কাজ করবেন। সকলকে ধন্যবাদ। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী তাঁর সংক্ষিপ্ত বক্তৃতায় কর্মকর্তাদের নিয়মিত নিজের ওপর অর্পিত দায়িত্ব পালনে আরো বেশি সচেতন হওয়ার আহ্বান জানান। তিনি বলেন নিয়মিত অফিস করা হলো কর্মজীবনের বড় শুদ্ধাচার। কর্মস্থলে প্রত্যেক সহকর্মী একে অন্যের সঙ্গে সততা ও বিনয় নিয়ে কাজ করবে আমি এই প্রত্যাশা করি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর বলেন, সততা ও কর্মনিষ্ঠতা চাকরি জীবনের বড় অর্জন, একইসঙ্গে বড় সম্পদ। কর্মস্থলের দাপ্তরিক শৃঙ্খলা রক্ষায় দাপ্তরিক গোপনীয়তা বজায় রাখা অন্যতম শুদ্ধাচার। এছাড়া সময়মতো অফিস করা এবং নিজের ওপর অর্পিত দায়িত্ব সুচারুভাবে সম্পন্ন করাই একজন দক্ষ কর্মকর্তার অন্যতম বৈশিষ্ট্য। বিশ্ববিদ্যালয়ের ছাত্র, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী প্রত্যেককে নোবিপ্রবিকে গড়ে তোলার কাজে মনোযোগী হওয়ার আহ্বান জানাই। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

রেজিস্ট্রার মোহাম্মদ জসীম উদ্দিন তাঁর সংক্ষিপ্ত বক্তৃতায় কর্মকর্তাদের আরো বেশি বেশি প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে দক্ষ হয়ে নিজেকে প্রস্তুত করার আহ্বান করেন। এসময় তিনি আজ নোবিপ্রবির বিভিন্ন দপ্তরে যেসকল কর্মকর্তাবৃন্দ প্রশিক্ষণ কার্যক্রমে অংশ নিয়েছেন সকলের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে বলেন- একজন কর্মকর্তার কর্মস্থলের প্রকৃত বন্ধু হচ্ছে তার দাপ্তরিক কাজের শুদ্ধাচার। সকলকে ধন্যবাদ। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।



ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

মোবাইলঃ ০১৭৩৩৯৯৮৮৭৪